# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

রেজিস্ট্রার দপ্তর
https://hau.ac.bd
registraroffice@hau.ac.bd
+8802996605101


স্মারক নং-হকৃবি/রেজি.কার্যা.(অংশ-১)/বিজ্ঞপ্তি-১২২/২০২৩/৫১১৬

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪৩২
২৭ নভেম্বর ২০২৫

## অফিস আদেশ

এতদ্বারা হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সম্প্রতি প্রতিষ্ঠানের বিভিন্ন শাখা/বিভাগে কর্মরত কিছু শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অননুমোদিত ছুটি গ্রহণ এবং বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করার ঘটনা লক্ষ্য করা যাচ্ছে। এ ধরনের আচরণ প্রতিষ্ঠানের শৃঙ্খলা, কাজের স্বাভাবিক প্রবাহ এবং প্রশাসনিক কার্যক্রমে অগ্রহণযোগ্য ব্যাঘাত সৃষ্টি করে।

বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত "সরকারি চাকরি আইন, ২০১৮"—এর অধ্যাদেশ নং ২৬, ২০২৫ অনুযায়ী, কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত ছুটি গ্রহণ বা কর্মস্থলে অনুপস্থিত থাকা "অসদাচরণ" হিসেবে গণ্য হবে এবং এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণযোগ্য। আইন অনুযায়ী, কোনো কর্মচারী যদি—

- বিনা ছুটি বা যুক্তিসংগত কারণ ছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকেন,
- নিজের দায়িত্ব পালন থেকে বিরত থাকেন,
- অন্যকে দায়িত্ব পালন না করতে উৎসাহিত বা প্ররোচিত করেন, অথবা
- কাউকে দায়িত্ব পালনে বাধাগ্রস্ত করেন,

তাহলে উক্ত কার্যক্রম অসদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং সরকারি চাকরি আইন, ২০১৮ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ নং ২৬, ২০২৫ এর ২(২) এ বর্ণিত শাস্তির যেকোনোটি প্রদান করা যেতে পারে—

(ক) নিম্নপদে বা নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ

(খ) চাকরি হতে অপসারণ

(গ) চাকরি হতে বরখাস্ত

অতএব, জানানো যাচ্ছে যে ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক, কর্মকর্তা বা কর্মচারী অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করলে বা ছুটি ব্যতীত অনুপস্থিত থাকলে, আইন অনুযায়ী প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মাননীয় উপাচার্যের নির্দেশক্রমে
Badrul
২৭/১১/২০২৫
মোঃ বদরুল আমিন
ডেপুটি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

**সদয় অবগতির জন্য অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ডিন (সকল অনুষদ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
২. বিভাগীয় চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৩. অর্থ ও হিসাব বিভাগ, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৪. ছাত্র পরামর্শ দপ্তর, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৫. প্রক্টর কার্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৬. ছাত্রী/ছাত্র হল (অস্থায়ী), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৭. আইসিটি সেল, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৮. নিরাপত্তা শাখা, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
৯. বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (সকল), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১০. সেকশন অফিসার, উপাচার্য মহোদয়ের দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।
১১. অফিস কপি/মহানথি।
১২. সকল নোটিশ বোর্ড।